মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিনিউ, ষোলশহর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail:ce@bise-ctg.gov.bd, Web: www.bise-ctg.gov.bd

স্মারক নং- চশিবো/পরী- উমা/পরী-২৮/২০০০/(অংশ-৮)/২২০৯(১৩০) তারিখ : ১৮.০৮.২০২৬ খ্রি.

২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার স্থগিত বিষয়সমূহের সময়সূচি অবহিতকরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রামের আওতাধীন প্রতিষ্ঠান প্রধান, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার স্থগিত বিষয়সমূহের পরীক্ষার সময়সূচি গত ০৪/০৮/২০২৬ তারিখ বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এবং উক্ত সময়সূচি এতদ্সঙ্গে আবারও সংযুক্ত করা হলো। সংযুক্ত সময়সূচি অনুযায়ী স্থগিত বিষয়সমূহের পরীক্ষা আগামী ২০/০৮/২০২৬ তারিখ, বৃহস্পতিবার ইংরেজি ২য় পত্র (১০৮) দিয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও বোর্ড কর্তৃক প্রকাশিত সময়সূচি অনুসরণপূর্বক পরীক্ষার সকল প্রস্তুতি ও কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ ট্রেজারি হতে স্থগিত পরীক্ষাসমূহের প্রশ্নপত্র গ্রহণের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ তারিখ, বিষয়ের নাম ও বিষয় কোড এবং সেট কোড নিশ্চিত হয়ে গ্রহণ করবেন। এবং কেন্দ্রে পরীক্ষার্থীদেরকে সরবরাহের পূর্বে আবারও তারিখ, বিষয়ের নাম ও বিষয় কোড এবং সেট কোড যাচাই-বাচাই করে সরবরাহ করতে হবে এবং এর কোনো ব্যত্যয় ঘটলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা দায়ী থাকবেন ।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

বিষয়টি অতীব জরুরি

১৮/০৮/২৬

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪
Email:ce@bise-ctg.gov.bd

প্রাপক
কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি পরীক্ষা-২০২৬
ও
অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-
১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন ঢাকা।
৩। একান্ত সচিব, মাননীয় শিক্ষা মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৬। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান এর উপজেলাসমূহ।
৮। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল অধ্যক্ষ।
৯। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৬ এর কেন্দ্রের সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা।
১০। পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
১১। অফিস কপি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, ষোলশহর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail:ce@bise-ctg.gov.bd, Web: www.bise-ctg.gov.bd

স্মারক নং- চশিবো/পরী- উমা/পরী-২৮/২০০০/(অংশ-৮)/২১৪৩ (১৩০) তারিখ :০২/০৮/২০২৬ খ্রি.

২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার স্থগিত বিষয়সমূহের সময়সূচি

(পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে।)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীনে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার স্থগিত বিষয়সমূহের পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

বিষয় ও পরীক্ষা শুরুর সময় সকাল ১০ টা হতে বেলা ১টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও পরীক্ষা শুরুর সময় বিকেল ২ টা হতে ৫ টা পর্যন্ত	বিষয় কোড
১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র	১০৮	২০/০৮/২০২৬ বৃহস্পতিবার	✕	✕
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক)	২৭৫	২২/০৮/২০২৬ শনিবার	✕	✕
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)-১ম পত্র ২। হিসাব বিজ্ঞান-১ম পত্র ৩। যুক্তিবিদ্যা-১ম পত্র	১৭৪ ২৫৩ ১২১	২৪/০৮/২০২৬ সোমবার	✕	✕
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)-২য় পত্র ২। হিসাব বিজ্ঞান-২য় পত্র ৩। যুক্তিবিদ্যা-২য় পত্র	১৭৫ ২৫৪ ১২২	২৭/০৮/২০২৬ বৃহস্পতিবার	✕	✕
১। ভূগোল (তত্ত্বীয়)-১ম পত্র	১২৫	২৯/০৮/২০২৬ শনিবার	১। আরবি-১ম পত্র ২। পালি-১ম পত্র	১৩৩ ১৩৯
১। ভূগোল (তত্ত্বীয়)-২য় পত্র	১২৬	৩১/০৮/২০২৬ সোমবার	১। আরবি-২য় পত্র ২। পালি-২য় পত্র	১৩৪ ১৪০
১। রসায়ন (তত্ত্বীয়)-১ম পত্র ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (মানবিক শাখা) ৩। ইতিহাস-১ম পত্র ৪। গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন- ১ম পত্র ৫। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-১ম পত্র	১৭৬ ২৬৭ ৩০৪ ২৮২ ২৮৬	০২/০৯/২০২৬ বুধবার	✕	✕
১। রসায়ন (তত্ত্বীয়)-২য় পত্র ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (মানবিক শাখা) ৩। ইতিহাস-২য় পত্র ৪। গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন- ২য় পত্র ৫। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-২য় পত্র	১৭৭ ২৬৮ ৩০৫ ২৮৩ ২৮৭	০৫/০৯/২০২৬ শনিবার	✕	✕
১। অর্থনীতি-১ম পত্র ২। প্রকৌশল অংকন ও ওয়ার্কসপ প্র্যাকটিস- ১ম পত্র	১০৯ ১৮০	০৭/০৯/২০২৬ সোমাবর	✕	✕
১। অর্থনীতি- ২য় পত্র ২। প্রকৌশল অংকন ও ওয়ার্কসপ প্র্যাকটিস (তত্ত্বীয়)- ২য়পত্র, ঐচ্ছিক-১ ৩। প্রকৌশল অংকন ও ওয়ার্কসপ প্র্যাকটিস (তত্ত্বীয়)- ২য় পত্র, ঐচ্ছিক-২ ৪। প্রকৌশল অংকন ও ওয়ার্কসপ প্র্যাকটিস (তত্ত্বীয়) -২য়পত্র, ঐচ্ছিক-৩	১১০ ২২২ ১৮২ ১৮৩	০৯/০৯/২০২৬ বুধবার	✕	✕

বি. দ্র.

০৭/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠেয় প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস ১ম পত্রের পরীক্ষা পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ উক্ত তারিখ সকাল ৯:০০ টায় মূল কেন্দ্র হতে প্রশ্নপত্র সংগ্রহ করে পরীক্ষা গ্রহণ করবেন। ড্রইং শীটে পরীক্ষা গ্রহণ করতে হবে। তবে প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্র কোড শিরোনামপত্রে এবং যাবতীয় কাগজপত্রে ব্যবহার করতে হবে।

ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

বিষয়	তারিখ	সময়	স্থান	মন্তব্য
১। অন্যান্য সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা	০৯.০৮.২০২৬তারিখ থেকে ১৮.০৮.২০২৬ তারিখ পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ২৫.০৮.২০২৬ তারিখের মধ্যে ব্যবহারিক নম্বর অনলাইনে এন্ট্রি সম্পন্ন করে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে)।			পরীক্ষার্থী নিজ দায়িত্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান নিজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ অধ্যক্ষের নিকট হতে জেনে নেবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিনিউ, ষোলশহর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail:ce@bise-ctg.gov.bd, Web: www.bise-ctg.gov.bd

বিশেষ নির্দেশাবলি

১৪. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে।

১৫. প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৬. ৩০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।

১৭. ব্যবহারিক বিষয়সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।

১৮. পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

ক। সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:	খ। দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:
সকাল ৯.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ। সকাল ১০.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ। সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষায় সময় ১০.২৫ মিনিট)।	দুপুর ০১.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ। দুপুর ০২.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ। দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষায় সময় ০২.২৫ মিনিট)।

১৯. প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

২০. পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে অন্তত: ০৫ (পাঁচ) দিন পূর্বে সংগ্রহ করবে।

২১. প্রত্যেক পরীক্ষার্থী সরবরাহকৃত উত্তরপত্রে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয়কোড ইত্যাদি ও.এম.আর. ফরমে যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিনের মধ্যে লেখা কিংবা অন্য কোনো প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

২২. পরীক্ষার্থীকে তত্ত্বীয়, বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে (প্রযোজ্য ক্ষেত্রে) পৃথকভাবে পাস করতে হবে।

২৩. প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ডে ও প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়মূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই অন্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৪. কোনো পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজ/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

২৫. পরীক্ষার্থীগণ পরীক্ষায় শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর (Non programmable) ব্যবহার করতে পারবে। কোন মতেই প্রোগ্রামিং সায়েন্টিফিক ক্যালকুলেটর সঙ্গে আনা যাবে না।

২৬. পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতিত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন সঙ্গে নিয়ে আসতে পারবে না। ভারপ্রাপ্ত কর্মকর্তা শুধুমাত্র ফিচার ফোন (স্মার্টফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

০২/০৮/২৬

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪
Email:ce@bise-ctg.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন ঢাকা।
৩। একান্ত সচিব, মাননীয় শিক্ষা মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৬। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান এর উপজেলাসমূহ।
৮। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল অধ্যক্ষ।
৯। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৬ এর কেন্দ্রের সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা।
১০। পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
১১। অফিস কপি।

02.08.2026

(প্রফেসর মোহাম্মদ দিদারুল আলম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪ Email:ce@bise-ctg.gov.bd